

প্রশ্নোত্তরকালে শিক্ষামন্ত্রী হাজার হাজার খারিজী মাদ্রাসা সম্পর্কে কোন তথ্য নেই!

সংসদ রিপোর্টার ॥ দেশের হাজার হাজার খারিজী মাদ্রাসা সম্পর্কে সরকারের কাছে কোন তথ্য নেই। শিক্ষামন্ত্রী ড. মুহাম্মদ ওসমান ফারুক 'ইসলামী শিক্ষা ব্যবস্থা: সংক্ষিপ্ত ইতিহাস' নামের একটি পুস্তকের উদ্ধৃতি দিয়ে সংসদের প্রশ্নোত্তর পর্বে জানান, দেশে ছোট বড় খারিজী মাদ্রাসার সংখ্যা ৬ হাজার। মাদ্রাসাগুলো সরকার কর্তৃক নিবন্ধনকৃত নয় বলে এগুলোর সঠিক অবস্থান সম্পর্কে তিনি কোন তথ্য দিতে পারেননি।

উল্লেখ্য, খারিজী মাদ্রাসাগুলো সম্পূর্ণ বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়ে থাকে। প্রশ্নোত্তর পর্বে সংসদে প্রাথমিক শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন বলেন, পর্যায়ক্রমে বেতন বৃদ্ধি করে সরকারী শিক্ষক ও রেজিস্ট্রিকৃত বেসরকারী শিক্ষকদের মধ্যে ভারসাম্য আনা হবে। শিক্ষামন্ত্রী সংসদকে জানান, মাদ্রাসা শিক্ষক ও বেসরকারী স্কুল কলেজের শিক্ষকদের বেতনের বৈষম্য দূর করা হবে। সমাজ কল্যাণ মন্ত্রী আলী আহসান মুহাম্মদ মুজাহিদ বলেন, এনজিওগুলো যাতে নির্দিষ্ট নীতিমালা অনুযায়ী জনগণের কল্যাণে কার্যক্রম পরিচালনা করে, তা নিশ্চিত করা হবে।